আইন ও সালিশ কেন্দ্র (আসক)
মানবাধিকার ও আইন সহায়তা সংগঠন



# ত্রৈমাসিক শিশু অধিকার প্রতিবেদন

জুলাই-সেপ্টেম্বর ২০২৩

## প্রতিবেদন সম্পর্কে

দেশের সামগ্রিক উন্নয়ন ও শিশুদের পরিপূর্ণ বিকাশের জন্য শিশু অধিকার সম্পর্কে সরকারের পাশাপাশি বেসরকারি পর্যায়ে নাগরিক, পেশাজীবি ও মানবাধিকার সংস্থাগুলোর মধ্যে সংযোগ স্থাপন অত্যন্ত গুরুত্বপূর্ণ।শিশু অধিকার রক্ষা ও উন্নয়নে ইতিবাচক উদ্যোগ, সফলতা ও শিশু অধিকার লঙ্ঘনের বিষয়ে সংগৃহীত তথ্য নাগরিক সমাজের সদস্য, শিশু অধিকার সংগঠন এবং শিশু ও যুবকদের মধ্যে বিতরণ এবং তাদের এ সংক্রান্ত কার্যক্রমে সহায়তার উদ্দেশ্যে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে।

এ প্রতিবেদনে গণমাধ্যমে প্রকাশিত তথ্যের ওপর ভিত্তি করে বাংলাদেশের শিশু অধিকার পরিস্থিতির ত্রৈমাসিক চিত্র তুলে ধরার প্রচেষ্টা নেয়া হয়েছে।

## উল্লেখযোগ্য সংবাদ

### দেশে এক দশকে বেড়েছে শিশু শ্রমিক

দেশে শ্রমজীবী শিশুর সংখ্যা বেড়েছে।২০১৩ সালে এ সংখ্যা ছিল ৩৪ লাখ ৫০ হাজার ৩৬৯ জন। ১০ বছরের ব্যবধানে ৮৬ হাজার ৫৫৮ জন বেড়ে এখন ৩৫ লাখ ৩৬ হাজার ৯২৭ জনে দাঁড়িয়েছে।এই শিশুদের বয়স ৫ থেকে ১৭ বছর।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল চাইল্ড লেবার সার্ভে ২০২২ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, এদের মধ্যে শ্রমিক হিসেবে নিয়োজিত ১৭ লাখ ৭৬ হাজার ৯৭ জন। ঝুকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত আছে ১০ লাখ ৬৮ হাজার ২১২ জন।প্রতিবেদনে বলা হয়, শিশুশ্রম জরিপ ২০২২ ফলাফলে দেখা যায়, ৫ থেকে ১৭ বছর বয়সি শিশুর সংখ্যা হলো ৩ কোটি ৯৯ লাখ ৬৪ হাজার ৫ জন বা ৩৯ দশমিক ৯৬ মিলিয়ন। এদের মধ্যে শ্রমজীবী শিশুর সংখ্যা ৩৫ লাখ ৩৬ হাজার ৯২৭ জন।শিশুশ্রমে নিযুক্ত শিশুর সংখ্যা ১৭ লাখ ৭৬ হাজার ৯৭ জন। ঝুকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত আছে ১০ লাখ ৬৮ হাজার ২১২ জন।২০১৩ সালের শিশুশ্রম জরিপে দেখা গেছে, ৫ থেকে ১৭ বছর বয়সি শিশুর সংখ্যা ছিল ৩ কোটি ৯৬ লাখ ৫২ হাজার ৩৮৪ জন।তাদের মধ্যে যথাক্রমে ৩৪ লাখ ৫০ হাজার ৩৬৯ জন শ্রমজীবী শিশু। শিশুশ্রমে নিযুক্ত শিশুর সংখ্যা ছিল ১৬ লাখ ৯৮ হাজার ৮৯৪ জন। ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিযুক্ত শিশুর সংখ্যা ছিল ১২ লাখ ৮০ হাজার ১৯৫ জন।
(ইত্তেফাক, ২০ জুলাই ২০২৩)

### ১৫ হাজার শিশু-কিশোরকে আত্মরক্ষার কৌশল শেখাতে প্রশিক্ষণ

চট্টগ্রামের ১৫ হাজার শিশু-কিশোর, বিশেষ করে মেয়েদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধে আত্মরক্ষার কৌশল শেখাতে সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নেতৃত্বে ইউনিসেফের সহযোগিতায় প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

ইউনিসেফ বাংলাদেশ'র চাইল্ড প্রটেকশন স্পেশালিস্ট মনিরা হাসান বলেন, 'বাংলাদেশের শিশু ও নারীর উপর ভয়াবহ নির্যাতন চলে। বিশেষ করে ফিমেল শিশুদের উপর নির্যাতনের হার সবচেয়ে বেশি। আমাদের এই প্রজেক্টের উদ্দেশ্য হচ্ছে নারী শিশুদের আত্মরক্ষার কৌশল শেখানো।' সারা দেশে এক লাখ শিশু-কিশোর আত্মরক্ষার এই প্রশিক্ষণের আওতায় আসবে। এরমধ্যে চট্টগ্রাম সিটি করপোরেশন ও জেলা মিলিয়ে ৫ হাজার, কক্সবাজারে ৫ হাজার এবং কুমিল্লায় ৫ হাজার শিশু-কিশোর প্রশিক্ষণ পাবে।
(বিডি নিউজ ২৪, ১৬ আগস্ট ২০২৩)

## ১৫০ উপজেলায় চালু হচ্ছে স্কুল ফিডিং কর্মসূচি

নতুন আঙ্গিকে দেশের ১৫০টি উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে স্কুল ফিডিং কর্মসূচি চালু হবে। এর মাধ্যমে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এক নতুন দিগন্তের উন্মোচন হবে, যা একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার ভিত রচনা করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ শনিবার কক্সবাজারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আয়োজিত একটি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন প্রাথমিক ও গণশিক্ষাসচিব ফরিদ আহাম্মদ।

প্রাথমিক ও গণশিক্ষাসচিব ফরিদ আহাম্মদ বলেন, এবারে শিশুদের পুষ্টিসমৃদ্ধ বিস্কুটের পাশাপাশি ভিন্ন রকমের খাবারও পরিবেশন করা হবে, যা হবে শিশুর কাছে আকর্ষণীয়। এসব খাবার শিশুর চাহিদা পূরণ ও শরীর গঠনে বিশেষ ভূমিকা রাখবে। স্কুল ফিডিং কর্মসূচি চালুর মাধ্যমে প্রাথমিক শিক্ষায় ঝরে পড়া রোধ হবে, স্কুলে এনরোলমেন্ট বৃদ্ধি পাবে, যা মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতে সরকারের অঙ্গীকারের প্রতিফলন ঘটাবে।
(প্রথম আলো, ১৯ আগস্ট ২০২৩)

## বন্ধ হচ্ছে কিন্ডারগার্টেন, বিধিমালা চূড়ান্ত

দেশে প্রাথমিক বিদ্যালয় আছে ১ লাখ ১৪ হাজার ৫৩৯টি। যার মধ্যে সরকারি ৬৫ হাজার ৫৬৬টি। আর রাজধানীসহ সারাদেশে ৪৭ হাজারের বেশি কিন্ডারগার্টেন স্কুল রয়েছে। এসব স্কুলের ৯০ শতাংশেরই নিবন্ধন নেই। ইচ্ছেমতো তারা চলছে।ছোট জায়গা ভাড়া নিয়ে আলো-বাতাসহীন ভবনে চলছে ক্লাস-পরীক্ষা। গ্রন্থাগার, বিশুদ্ধ পানি ও স্বাস্থ্যকর টয়লেটের ব্যবস্থাও নেই এসব শিক্ষাপ্রতিষ্ঠানে। আগে একটি বিধিমালা থাকলেও সেটি বাস্তবে কাজে দেয়নি। এখন সেটিকে আরও যুগোপযোগী করে বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

জানা গেছে, কিন্ডারগার্টেন স্কুল নিয়ন্ত্রণে গত ফেব্রুয়ারিতে উদ্যোগ নেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিধিমালা প্রস্তুত করে তা বিভিন্ন মন্ত্রণালয়ে পাঠানো হয়। সবশেষ আইন মন্ত্রণালয়ের ভেটিংও শেষ। এসআরও নম্বর পাওয়ার অপেক্ষা। সব ধরনের পরীক্ষা-নিরীক্ষা শেষে বিধিমালাটি এখন চূড়ান্ত পর্যায়ে। আগামী সপ্তাহে ওই বিধিমালা গেজেট আকারে প্রকাশ করা হতে পারে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, বিধিমালা অনুযায়ী- দেশে কিন্ডারগার্টেন, নার্সারি, কেজি ও প্রিপারেটরি স্কুল নামে যেসব প্রতিষ্ঠান রয়েছে, তা আর থাকবে না। সরকারি প্রাথমিক বাদে বাকি সব স্কুল হবে 'বেসরকারি প্রাথমিক বিদ্যালয়'। অনিবন্ধিত এসব স্কুলকে বিধিমালার গেজেট জারির তিনমাসের মধ্যে নিবন্ধন নিতে আবেদন করতে হবে।
(বাংলাদেশ জার্নাল, ১০ সেপ্টেম্বর ২০২৩)

## গোপালগঞ্জে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিদ্যালয় চালু

গোপালগঞ্জে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ৫টি বিদ্যালয় চালু করা হয়েছে। এতে স্কুলমুখী হয়েছে কয়েক হাজার প্রতিবন্ধী শিক্ষার্থী।


বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আমাদের সমাজে দেখা হয় ভিন্ন দৃষ্টিভঙ্গিতে। বর্তমানে সুবিধাবঞ্চিত এসব শিশুদের আত্মনির্ভরশীল করতে নানা পদক্ষেপ নিয়েছে সরকার। এরই অংশ হিসেবে গোপালগঞ্জে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য নির্মাণ করা হয়েছে ৫টি স্কুল। তাদের শিক্ষার জন্য শ্রেণিকক্ষ সাজানো হয়েছে ভিন্নধর্মী আয়োজনে। দেয়ালে ছবি, সংকেত বা অন্যান্য উপকরণ ব্যবহার করে পাঠদান করানো হচ্ছে। শিক্ষার্থীদের বিভিন্ন শিক্ষা উপকরণও দেয়া হচ্ছে। ছবি এঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে এখানকার ৫ শিশু ১ লাখ টাকা করে পুরস্কারও পেয়েছে।

সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক হারুন অর রশিদ মনে করেন, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথভাবে গড়ে তুলতে পারলে তারা স্বাভাবিক জীবনযাপন করতে পারবে বলে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর শিক্ষার জন্যও সরকার আরও বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলে জানালেন গোপালগঞ্জ সদর উপজেলা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মহসিন উদ্দিন।
(বৈশাখী টিভি, ১৩ সেপ্টেম্বের ২০২৩)


# শিশু অধিকার লঙ্ঘনের চিত্র

## জুলাই-সেপ্টেম্বর ২০২৩

### শিশুহত্যা
**১২৫**





### শিশু নির্যাতন
**২২৮**




**২৫** শিশু যৌন হয়রানির শিকার

**১০৭** শিশু ধর্ষণের শিকার




### ধর্ষণের শিকার (মেয়ে শিশু)
**৯১**




সূত্র: প্রথম আলো, সংবাদ, ইত্তেফাক, সমকাল, জনকণ্ঠ, নয়া দিগন্ত, ডেইলি স্টার, নিউ এইজ, ঢাকা ট্রিবিউন, কয়েকটি অনলাইন নিউজ পোর্টাল এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) কর্তৃক সংগৃহীত তথ্য।

## কেস স্টাডি

### চুরির অপবাদে গ্রাম্য সালিশে কিশোরের মাথা ন্যাড়া ও জরিমানা

নেত্রকোনার কেন্দুয়া উপজেলায় চুরির অপবাদে গ্রাম্য সালিশ বসিয়ে আবুল কালাম (১৩) নামে এক কিশোরের মাথা ন্যাড়া, জরিমানার অভিযোগসহ এর আগে ঐ কিশোরকে আটকে রেখে রাতভর শারীরিক নির্যাতন উঠেছে।
গত ৮ আগস্ট (মঙ্গলবার) উপজেলার বলাইশিমুল ইউনিয়নের সরাপাড়া বাজারে ঘটেছে এমন ঘটনা। নির্যাতিত আবুল কালাম সরাপাড়া গ্রামের বাসিন্দা বাকপ্রতিবন্ধী হতদরিদ্র আব্দুস সালামের ছেলে কিশোরটির পরিবারের দাবি, স্থানীয় সরাপাড়া বাজারের কিছু দোকান গভীর রাত পর্যন্ত খোলা থাকে। ঘটনার দিন রাত ১২টার দিকে আবুল কালাম মোবাইলে টাকা রিচার্জ করতে ঐ বাজারে যায়। এ সময় বাজারের একটি দোকানে চুরির অপবাদ দিয়ে স্থানীয় কয়েক জন তাকে আটক করে। পরে স্থানীয় মতিউর রহমান নামে এক ব্যক্তিসহ কয়েক জন মিলে কিশোর কালামকে রাতভর নির্যাতন করে। পরদিন সকালে এ ঘটনায় সরাপাড়া বাজারে গ্রাম্য সালিশ বসানো হয়।
আবুল কালাম চোর প্রকৃতির ছেলে নয় এবং চুরির ঘটনার সঙ্গে সে জড়িত নয় বলে স্থানীয় অনেকেই জানান। নির্যাতনের শিকার কিশোর আবুল কালামের মা নুরেছা আক্তার বলেন, তারা আমার ছেলেকে প্রচুর মারধর করেছে। তিনি আরো বলেন, সালিশে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আমি এ ঘটনার সুষ্ঠু বিচার চাই।

তথ্যসূত্র: ইত্তেফাক ১২ আগস্ট ২০২৩

### শিক্ষকের মারধরে ছাত্রের মৃত্যু, লাশ নিয়ে বিক্ষোভ

সাতক্ষীরার কালিগঞ্জের নলতা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র প্রতাপ চন্দ্র দাশ (১৪) কে শিক্ষক পিটিয়ে হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে অভিভাবকের পক্ষ থেকে।
গত ১৬ জুলাই ২০২৩ (রবিবার), বন্ধুর জন্মদিন উপলক্ষে টিফিনের সময় বিদ্যালয় ভবনের ছাদে কেক কাটে প্রতাপ চন্দ্র দাশসহ তার কয়েকজন বন্ধু। চিৎকার-চেঁচামেচির শব্দ শুনে বিষয়টি নজরে পড়ে সহকারী শিক্ষক অবকাশ খাঁর। তিনি চিৎকার করতে নিষেধ করলে শিক্ষার্থীরা তাঁর সঙ্গে তর্কে জড়িয়ে পড়ে। এ সময় অবকাশ খাঁ তাদের চড় ও কিল-ঘুসি মারেন। প্রতাপের চাচি তাপসী দাশ জানান, প্রতাপ দুপুর দেড়টার দিকে বিদ্যালয় থেকে বাড়ি ফিরে, সে জানায় তার বুকে প্রচণ্ড ব্যথা করছে। তাকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
প্রতাপ কালিগঞ্জের ভাড়াশিমলা ইউনিয়নের হিজলা চণ্ডীপুর গ্রামের দ্বীনবন্ধু দাশের ছেলে ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রধান শিক্ষক আব্দুল মোনায়েম বলেন, কোনো ছাত্রকে মারধর করা হয়নি। বকাঝকা করা হয়েছে। এই মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে বিকেলে তার সহপাঠীসহ এলাকাবাসী নিহত প্রতাপের মরদেহ নিয়ে বিদ্যালয়ে যায় এবং বিক্ষোভ শুরু করে।

তথ্যসূত্র: সমকাল ১৭ জুলাই ২০২৩

### গৃহকর্মীকে ছাদ থেকে ফেলে হত্যা

রাজধানীর মিরপুরের রূপনগরের আরামবাগে গৃহকর্মী তামান্নাকে (১৮) নয়তলা বাসার ছাদ থেকে ফেলে গৃহকর্ত্রী হত্যা করেছেন বলে অভিযোগ উঠেছে। গত ২৩ জুন ভোরে বাসার ছাদে নিয়ে কথা বলার এক ফাঁকে তামান্নাকে (১৮) ধাক্কা দিয়ে নিচে ফেলে দেয়া হয়। বাসার দারোয়ান ও আশপাশের লোকজন খোলা জায়গায় তামান্নাকে পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির পর ২৯ জুন তামান্না মারা যায়। মামলার বাদী তামান্নার চাচা আসরুজ্জামান জানান, ছাদ থেকে পড়ে ভাতিজির বুকের পাঁজর, কাঁধ, মেরুদণ্ড ও কোমরের হাড় ভেঙে যায়। এক সপ্তাহ যন্ত্রণা ভোগ করে সে মারা যায়। আরও অভিযোগ উঠেছে, গৃহকর্তা সোহেলের ছোট বোন সহকারী জজ হওয়ায় তারা মামলায় প্রভাব বিস্তারের চেষ্টা করছেন। ঘটনার পর থেকে গৃহকর্তা সোহেল পলাতক। অভিযুক্ত গৃহকর্ত্রীকে এ মামলায় গ্রেফতার করা হয়েছে।

তথ্যসূত্র: যুগান্তর ৬ জুলাই ২০২৩

# নির্যাতন প্রতিরোধে যোগাযোগ করুন

Ain o Salish Kendra (ASK)
আইন ও সালিশ কেন্দ্র (আসক)
০১৭২৪ ৪১৫ ৬৭৭
প্রতিদিন সকাল ৯ টা - বিকাল ৫ টা

শিশু সহায়তা
১০৯৮

বাল্যবিবাহ
প্রতিরোধে হটলাইন
৩৩৩

১৬১০৮

NATIONAL EMERGENCY SERVICE
999

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে
109
টোল ফ্রি
নম্বরে ফোন অথবা SMS করুন

SUSTAINABLE DEVELOPMENT GOALS

1 NO POVERTY | 2 ZERO HUNGER | 3 GOOD HEALTH AND WELL-BEING | 4 QUALITY EDUCATION | 5 GENDER EQUALITY | 13 CLIMATE ACTION | 16 PEACE, JUSTICE AND STRONG INSTITUTIONS | TARGET 16-2 PROTECT CHILDREN FROM ABUSE, EXPLOITATION, TRAFFICKING AND VIOLENCE

Funded by
the European Union

CHILD RIGHTS ADVOCACY COALITION in BANGLADESH

Ain o Salish Kendra (ASK)
আইন ও সালিশ কেন্দ্র (আসক)

Disclaimer: 'This document has been produced with the financial assistance of the European Union. The contents of this document are the sole responsibility of Child Rights Advocacy Coalition in Bangladesh (CRAC,B) and can under no circumstances be regarded as reflecting the position of the European Union.'